

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৫-৩৩০

তারিখঃ ১২/০৬/২০১৬ খ্রিঃ

বিষয় : সিরাজগঞ্জ জেলার বসতুল টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং ট্রেডের জনবল নিয়োগের বিষয়ে ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার বসতুল টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং ট্রেডের জনবল নিয়োগ প্রদানের জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৪৩২.১৪-২৫০২(৭) তারিখ: ০৭/১২/২০১৪খ্রিঃ মোতাবেক অধ্যক্ষ সিরাজগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট কে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন দেওয়া হয়। কারিগরি শিক্ষা বোর্ডের স্মারক নং- বাকাশিবো/ক(ভোক:)/২০১৪/১২২৯ তারিখ: ২৫/১১/২০১৪খ্রিঃ মোতাবেক অধ্যক্ষ সিরাজগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ কে কারিগরি শিক্ষা বোর্ডের প্রতিনিধি মনোনয়ন প্রদান করা হয়। তথ্যপ্রেক্ষিত জনাব মোঃ সাইফুল ইসলাম কে পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং ট্রেডের ট্রেড ইন্সট্রাক্টর হিসেবে মনোনিত করে নিয়োগের সুপারিশ প্রদান করেছেন।

২। উক্ত প্রতিষ্ঠান হতে এমপিওভুক্তির জন্য দাখিলকৃত কাগজ পত্র পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব মোঃ সাইফুল ইসলাম, দর্শন বিষয়ে স্নাতক ডিগ্রীধারী। কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় জনাব মোঃ সাইফুল ইসলামের এমপিওভুক্তির আবেদন এতদসংক্রান্ত কমিটির সভায় বিবেচনা করা সম্ভব হচ্ছে না।

এমপিও নির্দেশীকায় বর্নিত নিয়োগ যোগ্যতা অনুসরণ না করে কেন জনাব মোঃ সাইফুল ইসলাম কে ট্রেড ইন্সট্রাক্টর পোল্ট্রি রিয়ারিং এন্ড ফার্মিং পদে নিয়োগ প্রদান করা হয়েছে সে বিষয়ে লিখিত ব্যাখ্যা আগামী দশ (১০) কর্ম দিবসের মধ্যে মহাপরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।



(আ,ন,ম, সালাহ উদ্দীন খান)

পরিচালক (পিআইইউ)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

টেলিফোন নম্বর: ৯১১০৯৩৮

বিতরণ:

- ১। জনাব প্রকৌ: আব্দুল হান্নান খান, অধ্যক্ষ, সিরাজগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট
- ২। জনাব মো: আফজাল হোসেন, অধ্যক্ষ, সিরাজগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ

অনুলিপিঃ

- ১। উপসচিব (কারিগরি), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। উপসচিব (এমপিও), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট সকল (৪৯টি)
- ৪। অধ্যক্ষ, ভিটিআই বগুড়া
- ৫। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ সকল (৬৪টি)
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, অত্র দপ্তর (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)